# ঢাকার আমিন বাজারে নাশকতা রোধে পুলিশের কড়া তল্লাশি



সংগৃহীত ছবি

আওয়ামী লীগের ঢাকা লকডাউন কর্মসূচি সামনে রেখে রাজধানীতে প্রবেশপথে কড়া নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। সাভারের আমিন বাজারে পুলিশ চেকপোস্ট বসিয়ে প্রাইভেট কার, মাইক্রোবাস এবং যাত্রীবাহী বাসের যাত্রীদের তল্লাশি করছে। এ সময় যাত্রীদের পরিচয়পত্র যাচাই করা হচ্ছে এবং নাশকতার যে কোনো চেষ্টার বিরুদ্ধে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে।

সকাল থেকে বিকেল পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়কে দূরপাল্লার বাসের সংখ্যা সাধারণ দিনের তুলনায় কম। ব্যক্তিগত গাড়ি ও স্থানীয় বাস চলাচল স্বাভাবিক থাকলেও পুলিশের তল্লাশি চলমান রয়েছে। দুপুরের পর থেকে ঢাকামুখী লেনে চলমান গাড়িতে তল্লাশি চালাচ্ছে পুলিশ।

সাভার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জুয়েল মিঞা জানিয়েছেন, “আগামীকালের লকডাউনকে সামনে রেখে মানুষের নিরাপত্তা নিশ্চিত করার উদ্দেশ্যে চেকপোস্ট বসানো হয়েছে। চলমান অভিযানে গত ২৪ ঘণ্টায় চারজনকে আটক করা হয়েছে। সড়কে এই ধরনের তল্লাশি অভিযান জনগণের স্বার্থে নিয়মিতভাবে চলবে।”

LENS ASIA